

স্মারক নং-৪৪.০৪.০০০০.২৪.০১.০০৪.২৬- ৬১২

তারিখঃ ২৭ বৈশাখ ১৪৩৩
১০ মে ২০২৬

বিষয়ঃ ৬১তম ব্যাচ কারারক্ষী/মহিলা কারারক্ষীদের চাকরি স্থায়ীকরণ প্রসঙ্গে।

সূত্র: ক. কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২৪.০৩.০০১.২০২৫-৫৬ তারিখঃ ২৯ জানুয়ারি ২০২৫।
খ. কারা অধিদপ্তরের স্মারক নং-৪৪.০৪.০০০০.০২৬.০১.০০৪.২৬-১৩০ তারিখঃ ০৭ মে ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ৬১তম ব্যাচের বুনিয়াদি প্রশিক্ষণ সম্পন্নকারী কারারক্ষী ও মহিলা কারারক্ষীদের চাকরি ০২ (দুই) বছরের অধিক হওয়া সত্ত্বেও তাদের চাকরি স্থায়ীকরণ করা হয়নি যা বারাতোক্ত নীতিমালা পরিপন্থী। পত্র প্রাপ্তির পর বারাতোক্ত স্মারকদ্বয় মোতাবেক সত্ত্বর চাকরি স্থায়ী করণের কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট কারা উপ-মহাপরিদর্শকগণ ৬১তম ব্যাচের বুনিয়াদি প্রশিক্ষণ সম্পন্নকারী কারারক্ষী ও মহিলা কারারক্ষীদের পরীক্ষা গ্রহণের লক্ষ্যে নিম্নোক্ত কার্যাবলী সম্পন্ন করবেন:

ক) বিভাগীয় পর্যায়ে চাকরি স্থায়ীকরণ কমিটি করত: এই সদর দপ্তরে প্রস্তাব প্রেরণ করবেন; কারা উপ মহাপরিদর্শক উক্ত কমিটিতে সভাপতি; একজন অতিরিক্ত উপ কারা মহাপরিদর্শক অথবা তার অনুপস্থিতিতে একই বিভাগের সিনিয়র জেল সুপার/জেল সুপার, একজন উপ তত্ত্বাবধায়ক/জেলার সমন্বয়ে কমিটি গঠন করবেন। কমিটির অনুমোদন কারা সদর দপ্তরের প্রশাসন শাখা হতে প্রদান করা হবে।

খ) অনুমোদিত কমিটি পরীক্ষা গ্রহণের জন্য নিজ বিভাগের যেকোন একটি কারাগারকে কেন্দ্র এবং পরীক্ষার নির্ধারিত তারিখ প্রণয়ন করে সকলকে অবগত করবেন। উল্লেখ্য যে, সূত্রস্থ ‘খ’ স্মারকে বিষয়োক্ত পরীক্ষা আগামী ১৪-০৬-২০২৬ হতে ৩০-০৬-২০২৬ এর মধ্যে পরিচালনা করার নির্দেশনা ইতিমধ্যে প্রেরণ করা হয়েছে। উক্ত তারিখের মধ্যে নিজ বিভাগের পরীক্ষার তারিখ নির্ধারণ করতঃ সংশ্লিষ্ট সকলকে অবগত করতে হবে।

গ) কমিটি নির্দেশনা অনুযায়ী কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্রের সাথে যোগাযোগ পূর্বক পরীক্ষার প্রশ্নপত্র সংগ্রহ করবেন। প্রশ্নপত্র প্রাপ্তির কমিটিতে কারা উপ মহাপরিদর্শক একজন জেল সুপার/জেলারকে সদস্য সচিব হিসেবে নিয়োগ দিবেন। উল্লেখ্য যে, প্রশ্নপত্র প্রাপ্ত কমিটিতে নিয়োগপ্রাপ্ত সদস্য মূল কমিটিতে থাকার বাধ্যবাধকতা নেই।

ঘ) কমিটি নির্ধারিত তারিখ ও সময়ে, নির্ধারিত কেন্দ্রে পরীক্ষা গ্রহণ করবেন। কমিটি কর্তৃক পরীক্ষা গ্রহণান্তে খাতা মূল্যায়ন করবেন।

ঙ) জরুরী ব্যতিত নির্দিষ্ট দিনে ৬১তম ব্যাচের সকলে পরীক্ষায় অংশগ্রহণ করবেন। পরীক্ষায় যেসব পরীক্ষার্থী অংশগ্রহণ করতে পারবেন না, তা পরীক্ষা কমিটিকে লিখিতভাবে কারাগার হতে জানাতে হবে। কারণ ‘সন্তোষজনক’ হলে উক্ত পরীক্ষার্থীকে পরবর্তী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। এ প্রেক্ষাপটে ‘পরবর্তী পরীক্ষা’ কারা প্রশিক্ষণ কেন্দ্রের তত্ত্বাবধায়নে সকল বিভাগের এই ‘অনুপস্থিতিদের’ নিয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

চ) পরীক্ষায় ‘অকৃতকার্যদেরকে’ কমিটি কর্তৃক যদি শিক্ষানবিসকাল বৃদ্ধির (নিয়োগ বিধি-২০১১ অনুচ্ছেদ ৬(৪) অনুযায়ী) সময়কাল বৃদ্ধির সুপারিশ করেন তবে তাদেরকে শিক্ষানবিসকাল সম্পন্নের পূর্বে পুনরায় পরীক্ষার ব্যবস্থা গ্রহণ করবেন। উল্লেখ্য যে, উক্ত পরীক্ষাও ‘কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী’ এর তত্ত্বাবধায়নে অনুষ্ঠিত হবে।



- ২। কমিটি কর্তৃক পরীক্ষা সমাপনান্তে 'চাকরি স্থায়ীকরণের' কার্যাবলী শুরু করবেন। কমিটি সন্তোষজনক চাকরির ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াদি যাচাই পূর্বক সন্তোষজনক/অসন্তোষজনক নির্ধারণ করবেনঃ
- ক. মৌলিক প্রশিক্ষণ সম্পন্ন করা।
 - খ. বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়া।
 - গ. কারাগার হতে কারাগার প্রধান কর্তৃক শিক্ষানবিসকাল আচরণ ও কর্মকাল সন্তোষজনক মর্মে প্রত্যয়ন।
 - ঘ. শিক্ষানবিসকালীণ সন্তোষজনক এসিআর।
 - ঙ. শৃংখলাজনিত অভিযোগ/শাস্তি (লঘু/গুরু দণ্ড যদি থাকে)।
- ৩। উপরোক্ত বিষয়াবলীর প্রেক্ষিতে চাকরি 'সন্তোষজনক/অসন্তোষজনক' হলে কার্যবিবরণী প্রস্তুত করতঃ কারা সদর দপ্তরে প্রেরণ করবেন। চাকরি সন্তোষজনকের জন্য কারা সদর দপ্তরের নির্দেশে স্থায়ীকরণে আদেশ জারী করবেন এবং অসন্তোষজনকের জন্য ০২ বৎসরের মধ্যে যেকোন সময়কালের জন্য শিক্ষানবিসকাল বৃদ্ধির সুপারিশসহ আদেশ করবেন।
- ৪। উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের জন্য প্রেরণ করা হলো।
- সংযুক্তঃ Flow Chart- ০১ পাতা।


মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
adl.ig@prison.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
- ২। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
- ৩। সিনিয়র তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
- ৪। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৫। কারা তত্ত্বাবধায়ক, হসপিটালাইজড প্রিজনার্স সিকিউরিটি ইউনিট, নাজিম উদ্দিন রোড, ঢাকা।
- ৬। কারা তত্ত্বাবধায়ক, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৮। শাখা প্রধান, প্রশাসন/সংস্থাপন-২/ আইন/প্রশিক্ষণ ও ক্রীড়া, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৯। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক (সকল)/কারা উপ-মহাপরিদর্শক(সকল) এর সদয় অবগতির জন্য

Flow Chart

